

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.২০.৫৬৯.১৭-৪৪৯

তারিখঃ ২ অগ্রহায়ন, ১৪২৪ বাং  
১৬ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভূক্ত ৬ষ্ঠ পর্বের উপকারভোগীদের নামে ব্যাংক একাউন্ট খোলা প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভূক্ত (৬ষ্ঠপর্ব) -এর কার্যক্রম নতুনভাবে নির্বাচিত ১৩টি জেলার ২০ টি উপজেলায় শুরু হচ্ছে। নির্বাচিত ২০টি উপজেলার নাম যথাক্রমে যথাক্রমে বদরগঞ্জ, রংপুর; গৌরীপুর, ময়মনসিংহ; পীরগাছা, রংপুর; নড়িয়া, শরিয়তপুর; শ্রীবদী, শেরপুর; নেছারাবাদ (স্বরূপকাঠি) পিরোজপুর; ভান্ডারিয়া, পিরোজপুর; রাজাপুর, ঝালকাঠি; শাহরাস্তি, চাঁদপুর; সুন্দরগঞ্জ, গাইবান্ধা; ডামুড্যা, শরিয়তপুর; কয়রা, খুলনা; গোবিন্দগঞ্জ, গাইবান্ধা; মিঠাপুকুর, রংপুর; তালা, সাতক্ষীরা; জৈন্তাপুর, সিলেট; লক্ষীপুর সদর, লক্ষীপুর; ত্রিশাল, ময়মনসিংহ; পাংশা, রাজবাড়ি এবং কলারোয়া, সাতক্ষীরা।

২। এ কর্মসূচির প্রধান লক্ষ্য হচ্ছে শিক্ষিত বেকার যুবদের জন্য অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করা। প্রথমত কর্মসূচির জন্য নির্বাচিত যুবদেরকে ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। অতঃপর প্রশিক্ষিত যুবদেরকে বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থায়/বিভাগে ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থান প্রদান করা হয়ে থাকে। কর্মসূচির নীতিমালা অনুযায়ী অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুবদের কর্মভাতা যুবদের নামে খোলা ব্যাংক হিসাব এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। এ জন্য কর্মসূচির ৬ষ্ঠ পর্বভূক্ত যুবদের জন্য যথাসময়ে ব্যাংকে একাউন্ট খোলার প্রয়োজন।

৩। বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং ১৭ তারিখ ২/৫/২০১০(কপি সংযুক্ত) অনুযায়ী বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংকে কর্মসূচির আওতাধীন বেকার যুবক/যুবনারীদের সঞ্চয়ী হিসাব নগদ ৫০/- (পঞ্চাশ) টাকা জমাগূর্বক একাউন্ট খোলা যাবে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না এবং ঐ সকল হিসাব থেকে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না মর্মে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, কর্মসূচিভূক্ত যুবদের নামে যথাসময়ে ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।

সংযুক্তিঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার।

- প্রাপকঃ ১) উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
----- জেলা।
- ২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
----- উপজেলা।

(আবুল হাছান খান)  
পরিচালক(পরিকল্পনা)  
৩  
পরিচালক(অঃ দাঃ)  
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি  
ফোন : ৯৫৬০৭০৩

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক----- (সংশ্লিষ্ট জেলা)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা----- (সংশ্লিষ্ট উপজেলা)।

শ্রীমতী মোহনলাল মুন্সেরা (১৯৫২) স. নং ১৯  
ক্র. নং ১১৪২৩

১৯

website: www.bangladeshbank.org  
www.bangladeshbank.org.bd

ব্যক্তিগত প্রকৃতি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
গণমাধ্যম কার্যালয়  
ঢাকা।

বিধায়ক সার্ভিস নং- ১৭

১ মে, ২০১০  
তারিখ: ১৯ মে, ২০১০

বাংলাদেশ পরিচালক/প্রকৃত নিবাহী  
বাংলাদেশ কার্যালয় সকল তফসিলী ব্যাংক

ক্র. নং ১১৪২৩

নাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগীদের নামে ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রতিবন্ধকতা হচ্ছে বেকারত্ব। বেকারত্ব দূরীকরণের জন্য সরকার কর্তৃক নাশনাল সার্ভিস কর্মসূচির বাস্তবায়ন করা হচ্ছে। (এই কর্মসূচির অধীন বস্ত্রনাশনের অংশে নাশনাল সার্ভিস কর্মসূচী) আওতাধীন বেকার যুব/যুবসমিলাদের সমগ্ৰী হিসাব নগদ ৫০০/- (পঞ্চাশ) টাকা জমা প্রাপ্তপূর্বক খোলা যাবে। উক্ত হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাস্তবায়ন করা আরোপ করা যাবে না এবং জে সকল হিসাব প্রকৃত কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

অনুগ্রহপূর্বক প্রাচীর গ্রীকার করবেন।

আপনাদের বিশেষ,

(স্বাক্ষর)  
(মোঃ মোহনলাল মুন্সেরা)  
মহান্যবস্থাপক  
ফোন: ৯১১৭৮২৪  
১৯